



## প্রতিবেদন

বিশ্ববিদ্যালয়ে শিক্ষণ, শিখন, গবেষণা ও প্রশাসনের উৎকর্ষ অর্জনের লক্ষ্যে আইকিউএসি বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় “Office File Management & Social Accountability” শীর্ষক চার পর্বে (০৬-০৭ এবং ১০-১১ ডিসেম্বর ২০২৩) প্রশিক্ষণ কর্মসূচীর আজ শেষ দিন। সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী একাডেমিক ভবনের আইকিউএসি কনফারেন্স কক্ষে (কক্ষ নং-৪০৫) অনুষ্ঠিত ৪ পর্বের এই প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর/বিভাগের (৫০+৫০+৫০+৫০) ২০০ জন নন অ্যাকাডেমিক স্টাফ অংশগ্রহণ করেন।

“Training on Office File Management & Social Accountability” শীর্ষক প্রশিক্ষণে Ground Rules, Social Accountability: Right to Information (RTI) Act 2009, National Integrity Strategy (NIS), Annual Performance Agreement (APA), Grievance Redress System (GRS) and Office File Management বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এই কর্মসূচির ১ম, ২য় ও ৩য় পর্বের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মো: সুলতান-উল-ইসলাম, মাননীয় উপ-উপাচার্য এবং শেষ পর্বের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মো. ইলিয়াছ হোসেন, ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। প্রশিক্ষণটির সভাপতিত্ব করেন প্রফেসর ড. দুলাল চন্দ্র রায়, পরিচালক, আইকিউএসি।

প্রশিক্ষণ কর্মসূচিতে বিষয়ভিত্তিক রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে প্রফেসর মো. মশিহুর রহমান, অতিরিক্ত পরিচালক, আইকিউএসি, প্রফেসর মো. আবদুস সালাম, রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, প্রফেসর ড. প্রদীপ কুমার পাণ্ডে, প্রশাসক, জনসংযোগ দপ্তর, মৌলি আজাদ, অভিযোগ নিষ্পত্তি আপীল কর্মকর্তা ও উপ-পরিচালক, বিমক, ঢাকা, মোঃ আব্দুল্লাহ আল আনছারী, ফোকাল পয়েন্ট, এপিএ ও উপ-পরিচালক (হিসাব), অর্থ ও হিসাব দপ্তর রা. বি., আ. ত. ম. আব্দুল্লাহহেল বাকী, সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব), আরপিএটিসি এবং আবু হায়াত মোঃ রহমতুল্লাহ্, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ। প্রশিক্ষণটি সঞ্চালনা করেন প্রফেসর মো. ড. আবদুর রশিদ সরকার, অতিরিক্ত পরিচালক, আইকিউএসি।

(প্রফেসর ড. দুলাল চন্দ্র রায়)  
পরিচালক